

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

নং দুদক/৬৮-২০১৪(গ)/সংস্থাপন/

তারিখ:

আদেশ

জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারী, কোর্ট পরিদর্শক (সাময়িক বরখাস্ত), দুর্নীতি দমন কমিশন-এর একজন শিক্ষানবিস কর্মকর্তা। তিনি বিশেষ বিচার কোর্ট প্রসিকিউশন ইউনিট, দিনাজপুর-এ কর্মরত অবস্থায় বিভাগীয় প্রার্থী হিসেবে দুর্নীতি দমন কমিশনে সহকারী পরিচালক পদে চাকুরির জন্য আবেদন করেন। আবেদন মোতাবেক তার নামে প্রবেশপত্র ইস্যু করা হয়, যার রোল নম্বর ৩৭৯১৪। গত ১১/১২/২০১৫ তারিখে আইডিয়াল কলেজ, ৬৫, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকার কক্ষ নং ৪০৩-এ উল্লিখিত পদের লিখিত পরীক্ষার দিন প্রবেশপত্রের ছবি বদল করে প্রবেশপত্র সৃজনপূর্বক তার পরিবর্তে ভুয়া পরীক্ষার্থী মোঃ খায়রুল হাসান খান, পিতা: মোঃ বশিরুল ইসলাম খান, ৩২৭/এ, কাগান বাজার, কুমিল্লা পরীক্ষা দেয়ার সময় বিজ্ঞ মোবাইল কোর্ট ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে হাতেনাতে ধৃত হয়। বিজ্ঞ ম্যাজিস্ট্রেট গত ১১/১২/২০১৫ তারিখে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০-এর ৩ ধারা অনুযায়ী জনাব মোঃ খায়রুল হাসান খানকে তাৎক্ষণিকভাবে ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদানপূর্বক জেল হাজতে প্রেরণ করেন। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারী দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক পদে চাকুরি পাওয়ার উদ্দেশ্যে অসদুপায় অবলম্বন করে ভুয়া প্রবেশপত্র সৃজনপূর্বক তার পরিবর্তে জনাব মোঃ খায়রুল হাসান খানকে নিয়োগ পরীক্ষায় ব্যবহার করেছেন। উল্লিখিত কার্যকলাপের জন্য কোর্ট পরিদর্শক জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারীকে সাময়িক বরখাস্ত করে তার বিরুদ্ধে "অসদাচরণ" ও "প্রতারণা"-এর অভিযোগে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৩৯(খ) ও (ছ) মোতাবেক বিভাগীয় মামলা নং ০৬/২০১৫ রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলায় দুর্নীতি দমন কমিশনের ১৫/১২/২০১৫ তারিখের দুদক/৬৮-২০১৪(গ)/সংস্থাপন/৩৫৮২১ ও ৩৫৮২২ নং স্মারকমূলে তার নামে অভিযোগনামা ও অভিযোগবিবরণী জারী করা হলে তিনি গত ২৪/১২/২০১৫ তারিখের জবাব দাখিল করেন।

২। তার জবাব পর্যালোচনায় দেখা যায় যে, কমিশন কর্তৃক আনীত অভিযোগটিকে তিনি "উদ্দেশ্য প্রণোদিত, বানোয়াট" এবং তিনি "ডিপার্টমেন্টের একজন উর্ধ্বতন কর্মকর্তার রোশনলের শিকার" হয়েছেন বলে অশালীন ও ঔদ্ধত্যপূর্ণ বক্তব্য প্রদান করেছেন। তাছাড়া তিনি "কথিত অভিযোগটি দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর বিধান তথা বিভাগীয় মোকদ্দমায় বিচারযোগ্য নয়" বলে মন্তব্য করে কমিশনের আইনসম্মত এখতিয়ারকে চ্যালেঞ্জ করেছেন। তিনি ব্যক্তিগত স্তানী দিতেও চাননি। অর্থাৎ, তিনি তার কৃতকর্মের জন্য অনুতপ্তও নন।

৩। উপরে বর্ণিত অবস্থা বিবেচনায় প্রতীয়মান হয় যে, প্রায় ১ বছর ৬ মাস শিক্ষানবিসকালে জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারী আইন সম্পর্কে শিক্ষা লাভ করেননি এবং গুপ্তভাবে আচরণ করাও রপ্ত করেননি। তার বর্তমান আচরণ ও কর্ম সন্তোষজনক নয় এবং অবশিষ্ট ৬ মাসে সন্তোষজনক হওয়ার সম্ভাবনা আছে বলেও মনে হয় না।

৪। দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) বিধি অনুসারে তার শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটানোর ক্ষমতা কমিশনের রয়েছে। তবে এক্ষেত্রে বিধি ৫৪(১) অনুসারে তাকে ১ মাসের নোটিশ অববা ১ মাসের বেতন প্রদানের বিধান রয়েছে।


৫। এমতাবস্থায়, শিক্ষানবিস কোর্ট পরিদর্শক জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারীকে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৫৪(১) বিধি অনুসারে ১ মাসের বেতন প্রদানপূর্বক বিধি ৭(২)(ক) অনুসারে কমিশনের অনুমোদনক্রমে তার শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটানো হলো।

৬। এ আদেশ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/
মোঃ বদিউজ্জামান
চেয়ারম্যান

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৩. পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৫. মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. কমিশনার (তদন্ত/অনুসন্ধান)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার-এর সানুগ্রহ অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর।
১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
১১. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পাটোয়ারী, কোর্ট পরিদর্শক (সাময়িক বরখাস্ত), দুর্নীতি দমন কমিশন, বিশেষ বিচার কোর্ট প্রসিকিউশন ইউনিট, দিনাজপুর (দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর-এর অধীন)।
১৪. গার্ড নথি/ব্যক্তিগত নথি/অফিস নথি।


২৪/০/২১
নিরজ শামসুন নাহার
পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)